

ब तमायात्नत कायाराल ७ त्रायात मामाराल

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - চাঁদ দেখা সংক্রান্ত বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেউ একা চাঁদ দেখলে কি করবে?

যে ব্যক্তি কোন দূরবর্তী জায়গায় থেকে একাকী চাঁদ দেখে; দেখাতে তার কোন সাথী না থাকে অথবা সে ছাড়া অন্য কেউ না দেখে এবং এ দেখার ব্যাপারে নিশ্চিত হয়, তাহলে তার জন্য রোযা রাখা ওয়াজেব। কারণ, এ ব্যাপারে মহান আল্লাহর সাধারণ বাণী হল,

(فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ)

অর্থাৎ, অতএব তোমাদের মধ্যে যে কেউ এ মাস পাবে সে যেন এ মাসে রোযা রাখে। (কুরআনুল কারীম ২/১৮৫) আর মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "তোমরা চাঁদ দেখে রোযা রাখ।"

কিন্তু সে যদি শহর বা গ্রামে থাকে এবং শরয়ী আদালত বা হিলাল-কমিটির সামনে তার সাক্ষ্য পেশ করে এবং তার সে সাক্ষ্য রদ্ করে দেওয়া হয়, তাহলে এ অবস্থায় সে গোপনে রোযা রাখবে। যাতে প্রকাশ্যে সমাজের বিরোধিতা প্রকাশ না হয়।[1]

ফুটনোট

[1] (আশশারহুল মুমতে' ৬/৩২৯, সামানিয়া ওয়া আরবাঊন সুআলান ফিস্-সিয়াম ৩৬পৃঃ, আহকামুস সাওমি অল-ই'তিকাফ, আবূ সারী মঃ আব্দুল হাদী ৪১-৪২পৃঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4013

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন